# Housing Executive

Chief Executive

Grainia Long

The Housing Centre
2 Adelaide Street
Belfast BT2 8PB
**T** 03448 920 900
**E** information@nihe.gov.uk
**W** nihe.gov.uk
**Twitter** @nihecommunity

<Prefix> <first name> ><surname>
<Postal address 1>
<Postal address 2>
<Postal address 3>
<Postal address 4>
<Postal address 5>
<full date> <refer to section>

প্রিয় <prefix> <last name>

আমি আপনাকে এই চিঠিটা লিখছি কারণ আপনি সোশাল হাউজিংয়ের (সামাজিক আবাসনের) অথবা সোশাল হাউজিংয়ের েকটা বাড়ির থেকে অন্য বাড়িতে স্থানান্তরের জন্য আবেদন করেছেন।

হাউজিং এগ্জেকিউটিভ হাউজিং সিলেকশন স্কিমে বিভিন্ন পরিবর্তন সাধন করছে। এই স্কিমটি বর্ণনা করে যে আমরা কীভাবে আপনার আবাসনের প্রয়োজন মূল্যায়ন করি এবং কীভাবে সোশাল হাউজিং ল্যাণ্ডলর্ড তথা বাড়িওয়ালারা তাদের ঘরবাড়ি বরাদ্দ করে। যারা হাউজিং এগ্জেকিউটিভ অথবা হাউজিং এসোসিয়েশনের বাড়ির জন্য অপেক্ষা করছেন তাদের সঠিক এলাকায় সঠিক ঘর পাওয়া নিশ্চিত করতে আমরা সাহায্য করতে চাই।

এই পরিবর্তনগুলির পর্যায়ক্রমে আগামী 3 বছ ধরে প্রবর্তন করা হবে।

এখন প্রযোজ্য প্রথম পরিবর্তনগুলি হল:

১. সকল আবেদনকারীদের তাদের ইচ্ছামত পছন্দের অনেক বা কম এলাকা বেছে নেওয়ার ক্ষমতা থাকবে।

২. হাউজিং এগ্জেকিউটিভ প্রদত্ত যুক্তিসঙ্গত অফারগুলির সংখ্যা তিনটি যুক্তিসঙ্গত অফার থেকে কমিয়ে দুটি যুক্তিসঙ্গত অফার করবে।

অনুগ্রহ করে সংযুক্ত লিফলেটটি পড়ার জন্য সময় নেবেন। এটা ব্যাখ্যা করে কীভাবে এই পরিবর্তনগুলি আপনার উপর প্রভাব ফেলতে পারে।

**আপনাকে কোন পদক্ষেপ নিতে হবে না।**

সংযুক্ত লিফলেটে এবং www.nihe.gov.uk ঠিকানায় আমাদের ওয়েবসাইট দেখার মাধ্যমে আপনি এই পরিবর্তনগুলি সম্পর্কে এবং এগুলি কীভাবে আপনার হাউজিং আবেদনকে প্রভাবিত করতে পারে সে সম্পর্কে আরও তথ্য জানতে পারবেন।

সংযুক্ত লিফলেটে যোগাযোগের তথ্যও রয়েছে যাতে আপনি সহজেই আপনার আবাসন পরিস্থিতি নিয়ে আলোচনা করার জন্য যোগাযোগ করতে পারেন। আপনার হাউজিং এডভাইজর/প্যাচ ম্যানেজার আপনার আবেদনের পুরো সময়টা ধরে আপনার সহায়তাকরতে সক্ষম হবেন।

শুভ কামনায়,


Grainia Long

**গ্রেইনিয়া লং (Grainia Long), চীফ এগ্জেকিউটিভ**

আপনি যদি ইতিমধ্যে এই তারিখের মধ্যে ১টি যুক্তিসঙ্গত অফার পেয়ে থাকেন তাহলে আপনি আরও ১টি যুক্তিসঙ্গত অফার পাওয়ার অধিকারী হবেন৷ আপনি যদি ইতিমধ্যে এই তারিখের মধ্যে ২টি যুক্তিসঙ্গত অফার পেয়ে থাকেন তবে আপনি ১টি চূড়ান্ত অফার পাওয়ার অধিকারী হবেন৷ যদি আপনি নিশ্চিত না হন যে আপনার আর কতগুলি অফার অবশিষ্ট রয়েছে তাহলে যে ব্যক্তি আপনার আবেদন নিয়ে কাজ করছেন আপনি তার সাথে কথা বলতে পারেন।

**যদি আমি বাসস্থানের প্রস্তাব প্রত্যাখ্যান করি তাহলে কি হবে?**


আপনি কেন প্রত্যাখ্যান করেছেন আমরা এর কারণগুলি যাচাই করে দেখতে পারি এবং সিদ্ধান্ত নিতে পারি যে আপনার প্রত্যাখ্যানের কারণগুলি হাউজিং সিলেকশন স্কিমের নিয়মাবলীর সাথে সঙ্গতিপূর্ণ কিনা। যদি আমরা সিদ্ধান্ত নিই যে সেগুলি সঙ্গতিপূর্ণ, যেখানে উপযুক্ত, আমরা আপনার সাথে আপনার পছন্দের এলাকাগুলি পর্যালোচনা করবকরবএবং আপনার পরিবারের এবং আপনার বাসস্থানের প্রয়োজনীয়তাগুলি সম্পর্কে আরও বিশদ তথ্য সহ আপনার হাউজিং আবেদনটি সাম্প্রতিক করব। অফারটি স্কিমের নিয়মাবলীর অধীনে গণনা করা হবে না। যদি আমরা সিদ্ধান্ত নেই যে এটি একটি অযৌক্তিক প্রত্যাখ্যান তাহলে অফারটি স্কিমের নিয়মাবলীর অধীনে আপনার দুটি অফারের মধ্যে একটি হিসাবে গণ্য হবে৷ এই সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করার অধিকার আপনার থাকবে।



**সাহায্য পাওয়া**

**আমি কি আমার বাসস্থানের পরিস্থিতি সম্পর্কে কারো সাথে কথা বলতে পারব?**

যদি আপনার পরিস্থিতি পরিবর্তিত হয় কিংবা আপনি অন্যান্য বিকল্প আবাসনের  অন্বেষণ করতে চান তবে আপনার উচিত যে ব্যক্তি আপনার আবেদনটি নিয়ে কাজ করছেন তার সাথে যোগাযোগ করা। তিনি আপনাকে স্বাধীন এবং নিরপেক্ষ উপদেশ দিতে পারবেন।




**আরওআরও তথ্য**

আপনি যদি এগুলির সম্বন্ধে বা আপনার যদি অন্য কোনও উদ্বেগ থেকে থাকে সেগুলির বিষয়ে কারও সাথে কথা বলতে চান তবে যে ব্যক্তি আপনার আবেদনটি নিয়ে কাজ করছেন তার সাথে যোগাযোগ করতে পারেন যিনি খুশিমনে সাহায্য করবেন (যদি আপনি একজন হাউজিং এগ্জেকিউটিভের ভাড়াটে হন তবে এই ব্যক্তি হবেন আপনার হাউজিং এডভাইজার অথবা প্যাচ ম্যানেজার, অথবা আপনি যদি হাউজিং এসোসিয়েশনের ভাড়াটে হন তাহলে এই ব্যক্তি হবেন আপনার হাউজিং অফিসার,)।

আপনার হাউজিং এডভাইজার/প্যাচ ম্যানেজারের সাথে সরাসরি যোগাযোগের তথ্য না থাকলে আপনি **03448 920 900** নম্বরে আমাদের সাধারণ অনুসন্ধানের নম্বরে কল করে (লাইনটি সোমবার - শুক্রবার সকাল ৮.৩০ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত খোলা থাকে) অথবা আপনার স্থানীয় হাউজিং এগ্জেকিউটিভের অফিসে গিয়ে যোগাযোগ করতে পারেন।

আপনি যদি হাউজিং এসোসিয়েশনের ভাড়াটে হন তবে আপনার উচিত হাউজিং অফিসারের সাথে কথা বলা।

**সবচেয়ে আধুনিক খবরাখবর রাখুন**

আপনি আমাদের www.nihe.gov.uk ওয়েবসাইটে গিয়ে বা QR কোড ব্যবহার করে কীভাবে এই পরিবর্তনগুলি আপনাকে প্রভাবিত করতে পারে সে সম্পর্কে আরও তথ্য জানতে পারেন।

Housing Executive

HS-11-10-22-SC

**হাউজিং সিলেকশন স্কিমের**

**নিয়মাবলীতে বিভিন্ন পরিবর্তন:**

**আপনার প্রশ্নসমূহের উত্তর**



আমরা হাউজিং সিলেকশন স্কিমে

নানান পরিবর্তন ঘটাচ্ছি।

এটি এমন একটি স্কিম যেটি বর্ণনা করে যে আমরা কীভাবে আপনার আবাসনের প্রয়োজন মূল্যায়ন করি এবং কীভাবে সোশাল হাউজিং ল্যাণ্ডলর্ড তথা বাড়িওয়ালারা তাদের ঘরবাড়ি বরাদ্দ করে।

Housing Executive

বর্তমান হাউজিং সিলেকশন স্কিমটি ২০ বছরেরও বেশি সময় ধরে চালু রয়েছে এবং এটিকে অত্যন্ত মূল্যবান মনে করা হয়, কিন্তু জনগণের পরিস্থিতি এবং নরদার্ন আয়ারল্যাণ্ডের আবাসনের চাহিদা প্রতিফলিত করার জন্য আমাদের নানান পরিবর্তন সাধন করতে হয়েছে।

এই পরিবর্তনগুলি যা পরবর্তী ৩ বছরে ধাপে ধাপে পর্যায়ক্রমিক ভিত্তিতে চালু করা হচ্ছে এবং তা বর্তমান বরাদ্দ প্রকল্পের শক্তিগুলিকে আরওআরও উন্নত করবে যাতে এটি প্রয়োজনে মানুষের জন্য আরও ভালভাবে কাজ করতে সক্ষম হয়। ২০১৭ সালে ডিপার্টমেন্ট ফর্ কমিউনিটিজ দ্বারা পরিচালিত ফান্ডামেন্টাল রিভিউ অভ্ এ্যালোকেশন (বরাদ্দ সংক্রান্ত মৌলিক পর্যালোচনার) পরামর্শের সময় প্রদত্ত মতামতের সাড়া হিসাবে এই পরিবর্তনগুলি করা হচ্ছে। আরও বিশদ বিবরণ কনসালটেশন আউটকাম রিপোর্টে পাওয়া যাবে (১৮ ডিসেম্বর ২০২০ প্রকাশিত) যা বিভাগের ওয়েবসাইটে রয়েছে ( www.communities-ni. gov.uk/consubations/fundamental-review-social-housing allocations)

**এখন প্রযোজ্য প্রথম পরিবর্তনগুলি হল**

**১. সকল আবেদনকারীদের নিজেদের ইচ্ছামত পছন্দের অনেক বা কম**

**এলাকা বেছে নেওয়ার ক্ষমতা থাকবে।**

**২. হাউজিং এগ্জেকিউটিভ প্রদত্ত যুক্তিসঙ্গত অফারগুলির সংখ্যা**

**তিনটি যুক্তিসঙ্গত অফার থেকে কমিয়ে দুটি যুক্তিসঙ্গত অফার**

**করবে।**



**পছন্দের এলাকাসমূহ**

**পছন্দের এলাকাসমূহে কি ঘটছে?**

এই পরিবর্তনগুলির আগে আপনি আপনার আবেদনে জেনারেল হাউজিং এরিয়া (GHAGHA) যোগ করে এগুলিকে প্রশস্ত করার সুযোগ সহ পছন্দের ২টি এলাকা বেছে নিতে পারতেন। আপনি এখন আপনার ইচ্ছামত পছন্দের অনেক অথবা কম এলাকা বেছে নিতে পারবেন। এর মানে হল যে আপনি যদি সম্পূর্ণ বিধিবদ্ধ গৃহহীনতার কর্তব্য (একজন ফুল ডিউটি এ্যাপ্লিক্যান্ট) পাওনা হয়ে থাকেন তবে আপনার পছন্দের এলাকাগুলিতে জেনারেল হাউজিং এরিয়া (GHA) আর চাপানো হবে না। যে ব্যক্তি আপনার আবেদনের বিষয়ে

কাজ করছেন তিনি আপনাকে অন্যান্য এলাকায় আপনার আবাসন সম্ভাবনা সম্পর্কে পরামর্শ দিতে সক্ষম হবেন যেটি হয়তো বেছে নেওয়ার সিদ্ধান্ত আপনি নিতে পারেন। এটা মনে রাখা গুরুত্বপূর্ণ যে আপনার পছন্দের অন্তত একটি এলাকা আপনার আবেদনে অন্তর্ভুক্ত করতে হবে।

**আমার আবেদনে একটি জেনারেল হাউজিং এরিয়া (GHA) প্রয়োগ করা হয়েছিল। এখন কি ঘটবে?**

আপনি যদি আপনার আবেদনে একটি জেনারেল হাউজিং এরিয়া (GHA) প্রযোজ্য হয়ে থাকে বা আপনি একটি বিস্তৃত জেনারেল হাউজিং এরিয়া অন্তর্ভুক্ত করা বেছে নিয়ে থাকেন তবে আপনি এখনও সেই সমস্ত এলাকার জন্য অপেক্ষার তালিকা তথা ওয়েটিং লিস্টে থাকবেন। আপনি এখন আপনার আবেদনটি পর্যালোচনা করতে পারেন এবং আপনি বিবেচনা করতে চান না এমন সব এলাকা বাদ দিতে পারেন।

**আমি কিভাবে আমার পছন্দের এলাকাগুলি বাড়াতে পারি?**

আপনি যদি আপনার পছন্দের এলাকাগুলি বাড়াতে বা পরিবর্তন করতে চান তবে আপনার আবেদনের ব্যাপারে যে ব্যক্তি কাজ করছেন তার সাথে আপনার যোগাযোগ করা উচিত।

**বর্তমানে আমার যে এরিয়া পয়েন্ট রয়েছে তাতে কোন পরিবর্তন ঘটবে কী?**

সবাই এরিয়া পয়েন্ট পাওয়ার অধিকারী নন। এরিয়া পয়েন্টগুলি হল আদার সোশাল নীড (অন্যান্য সামাজিক প্রয়োজন) (OSN পয়েন্ট যা আপনার পছন্দের যেকোন এলাকার ক্ষেত্রে প্রযোজ্য হতে পারে যেখানে আপনার আবেদনের ব্যাপারে যে ব্যক্তি কাজ করছেন তিনি সন্তুষ্ট যে আপনার সেই এলাকায় বসবাস করার জন্য একটি নির্দিষ্ট প্রয়োজন রয়েছে।

আপনার পরিস্থিতির উপর ভিত্তি করে, আপনি হয়তো এক বা একাধিক এলাকার জন্য আদার সোশাল নীড )(OSN) এরিয়া পয়েন্ট পেয়েছেন। আপনি এখন বেছে নিতে  পারেন এমন এলাকার সংখ্যা এবং জেনারেল হাউজিং এরিয়া (GHA) অপসারণ সংক্রান্ত নিয়মাবলীতে পরিবর্তনসমূহের অর্থ হল আপনি আপনার পছন্দের অন্য কিছু এলাকায় আদার সোশাল নীড এরিয়া পয়েন্টের অধিকারী হতে পারেন।

এই পরিবর্তনগুলি আপনাকে ইতিমধ্যে প্রদত্ত কোন আদার সোশাল নীড এরিয়া পয়েন্টগুলিকে প্রভাবিত করবে না। আপনি যদি মনে করেন যে এই পয়েন্টগুলি আপনার আবেদনের মধ্যে পছন্দের অন্যান্য এলাকায় প্রদান করা যেতে পারে, তাহলে আপনার আবেদনের বিষয়ে যিনি কাজ করছেন তার সাথে আপনার যোগাযোগ করা উচিত। তিনি আপনার পছন্দের এলাকার পাশাপাশি আপনার এলাকার পয়েন্টগুলি পর্যালোচনা করতে পারবেন।

● ● ● ● ● ● ● ● ● ● ● ● ● ● ● ● ● ● ● ● ● ● ● ● ● ● ● ●

**যুক্তিসঙ্গত অফারসমূহ**

**বাসস্থানের একটি যুক্তিসঙ্গত অফার কি?**

হাউজিং সিলেকশন স্কিমের নিয়মাবলীর অধীনে, বাসস্থানের অফারকে যুক্তিসঙ্গত বলা হয় যদি সেটি: আপনার পরিবারের জন্য একটি উপযুক্ত আয়তনের হয়, যেমনটি স্কিমের নিয়মাবলীতে বর্ণিত আছে; আপনার পছন্দের এলাকার মধ্যে হয়; আপনার পরিবারের চাহিদাসমূহ মেটানোর জন্য উপযুক্ত হয়, উদাহরণস্বরূপ যদি আপনাকে বা আপনার পরিবারের কাউকে নিচতলা বা হুইলচেয়ার উপযোগী মানের বাসস্থানের প্রয়োজনসম্পন্ন ব্যক্তি হিসাবে মূল্যায়ন করা হয়, এবং আপনি যখন ভাড়াটিয়া হিসেবে বসবাস শুরু করবেন তখন আপনার নিরাপদ অবস্থানের জন্য সেটি সঙ্গত রকমের মেরামত করা  অবস্থায় থাকে।

**আমি ইতিমধ্যেই আবাসনের একটি যুক্তিসঙ্গত অফার পেয়েছি। এখন কি ঘটবে?**

সকল নতুন আবেদনকারী এবং ইতিমধ্যে ওয়েটিং লিস্টে বিদ্যমান আবেদনকারীরা ২টি যুক্তিসঙ্গত বাসস্থানের অফার পাওয়ার অধিকারী হবেন। এর মানে হল যে আপনি যদি এখনও আবাসনের অফার না পান তবে আপনি ২টি যুক্তিসঙ্গত অফার পাওয়ার অধিকারী হবেন।

● ● ● ● ● ● ● ● ● ● ● ● ● ● ● ● ● ● ● ● ● ● ● ● ● ● ● ●